

# বিশ্ববিদ্যালয় প্রশাসন শিক্ষার্থীদের ভোটবিমুখ করতে চাচ্ছে: আব্দুল কাদের

চাবি প্রতিনিধি

০৬ সেপ্টেম্বর ২০২৫, ০৬:৪৯ পিএম



বৈষম্যবিরোধী শিক্ষার্থী সংসদের ভিপি পদপ্রার্থী আব্দুল কাদের বলেছেন, ঢাকা বিশ্ববিদ্যালয় প্রশাসন বুবো হোক বা না বুবো হোক কোনো একটি গোষ্ঠীর এজেন্টা বাস্তবায়ন করছে এবং শিক্ষার্থীদের ভোটবিমুখ করার একটি কৌশল চালানো হচ্ছে।

আজ শনিবার দুপুরে প্রচারণা শেষে সাংবাদিকদের কাছে এই অভিযোগ তুলে ধরেন আব্দুল কাদের। হল থেকে ভোটকেন্দ্রগুলো দূরে নির্ধারণ করাকে তিনি শিক্ষার্থীদের ভোটবিমুখ করার অন্যতম কারণ হিসেবে দাবি করেন।

আব্দুল কাদের বলেন, ‘নারী শিক্ষার্থীদের ভোটকেন্দ্র হল থেকে দূরে স্থাপন করা হয়েছে, যেন তাদের ভোট দেওয়ার আগ্রহ কমে যায়। একই সাথে বিশ্ববিদ্যালয় প্রশাসন শিক্ষার্থীদের মাঝে আতঙ্ক তৈরি করেছে আর্মি মোতায়েনের কথা বলে, একই সাথে পরীক্ষা চলমান রেখে, আবার হাইকোর্টের রায় ব্যবহার করে এই যে বিরূপ পরিস্থিতি তৈরি করা—এটাই সংকটের জায়গা। আমরা মনে করি, বিশ্ববিদ্যালয় প্রশাসনের এখনো সময় আছে। এত বছর পর ডাকসু হচ্ছে, শিক্ষার্থীরা যেন তাদের ডাকসুকে কার্যকর করতে পারে এ সুযোগ নিশ্চিত করা প্রশাসনের দায়িত্ব।’

শিক্ষকদের মূল্যায়ন প্রসঙ্গে তিনি বলেন, ‘যে শিক্ষক ক্লাস নেবেন, তিনি তার কারিকুলাম, অ্যাস্ট্রিভিটিজ, কতগুলো ক্লাস নেবেন, কী কী ক্লাস নেবেন সবকিছু আমাদের ওয়েবসাইটে লিপিবদ্ধ থাকবে। একই সাথে শিক্ষক যে ক্লাস নেবেন সেটা ভিডিও আকারে ওয়েবসাইটে থাকবে। সেটা দেশের মানুষ দেখবে, শিক্ষকদের সহকর্মীরা দেখবে। সাবটাইটেলের মাধ্যমে সারা দেশের, এমনকি সারা বিশ্বের মানুষ দেখবে। তখন শিক্ষক সচেতন হবেন আসলে আমি কী পড়াচ্ছি।’